

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা-১০০০

www.dscc.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.২০৭.০৩১.০৫.০০.২০৯/২০২০

তারিখঃ ২৮ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ই-নথি বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গে।

মাননীয় মেয়র মহোদয়ের মৌখিক নির্দেশনানুযায়ী মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর দাপ্তরিক ও প্রশাসনিক কার্যক্রম ই-নথি সিস্টেমের আওতায় আনয়নের লক্ষ্যে আগামী ৩০ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/ ১৫ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায় নগর ভবন মেয়র মোহাম্মদ হানিফ অডিটরিয়ামে ই-নথি বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ কর্মশালায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। সভাপতিত্ব করবেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সচিব জনাব আকরামুজ্জামান।

উক্ত প্রশিক্ষণ কর্মশালায় বিভাগের আওতাধীন দপ্তরের নথি উপস্থাপন সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীকে তাঁর দপ্তরের নথির তালিকাসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৮ আশ্বিন ১৪২৭

(মোঃ আবু তৈয়ব রোকন)

সিস্টেম এনালিস্ট ও

ফোকাল পয়েন্ট, ই-নথি টিম

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, ঢাদসিক

২। বিভাগীয় প্রধান....., ঢাদসিক

(কর্মশালায় উপস্থিতি ও তাঁর বিভাগের আওতাধীন দপ্তরের নথি উপস্থাপন সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীকে দপ্তরের নথির তালিকাসহ উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধসহ)

৩। প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা, ঢাদসিক (১৫০টি ফাইল, নোট প্যাড ও কলম প্রদানের অনুরোধসহ)

৪। মেয়রের একান্ত সচিব, ঢাদসিক (মাননীয় মেয়র এর সদয় অবগতির জন্য)

৫। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাদসিক (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬। নির্বাহী প্রকৌশলী(বিদ্যুৎ), ঢাদসিক (ইলেকট্রিসিটি ও সাউন্ড সিস্টেম প্রস্তুতকরণের অনুরোধসহ)

৭। প্রোগ্রামার, ঢাদসিক (ওয়েব সাইটে প্রকাশ, ডিজিটাল স্ক্রীন প্রস্তুত ও হাইস্পিড ইন্টারনেটের ব্যবস্থা গ্রহণ)

৮। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ওয়্যারলেস কন্ট্রোল রুম (ওয়্যারলেসের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য)

৯। কেয়ার টেকার, নগর ভবন, ঢাদসিক (যথাসময়ে অডিটরিয়াম প্রস্তুত এবং আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ)

১০। অফিস কপি।